
## জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাসভুক্ত আইসিটি বিষয়ক অনলাইন কোর্স
## রিডিং ম্যাটেরিয়াল

# ৯.২ ফ্রিল্যান্সিং
## (প্রোফাইল সেটআপ, পোর্টফোলিও তৈরি এবং গিগ পাবলিশ)


### একজন সফল ফ্রিল্যান্সারের প্রোফাইল




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## মার্কেটপ্লেসে একাউন্ট খোলা

১. পছন্দের মার্কেটপ্লেসে (যেমন Fiverr, Upwork, Freelancer) ভিজিট করুন।
২. ইমেইল, নাম ও পাসওয়ার্ড দিয়ে রেজিস্ট্রেশন করুন।
৩. ইমেইল ভেরিফিকেশন সম্পন্ন করুন।
৪. প্রোফাইল সেটআপের জন্য ড্যাশবোর্ডে প্রবেশ করুন।




SCAN ME

**Upwork এ একাউন্ট তৈরি**

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## মার্কেটপ্লেসে একটি পেশাদার অনলাইন প্রোফাইল তৈরির ধাপসমূহ

- **প্রোফাইল ছবি:** পেশাদার ও পরিষ্কার ছবি ব্যবহার করুন।
- **টাইটেল/হেডলাইন:** সংক্ষিপ্তভাবে আপনার দক্ষতা লিখুন (যেমন: Professional Graphic Designer).
- **ডেস্ক্রিপশন/বায়ো:** আপনার দক্ষতা, অভিজ্ঞতা ও ক্লায়েন্টকে কীভাবে সাহায্য করবেন তা লিখুন।
- **স্কিল লিস্ট:** আপনার জানা টুলস ও স্কিলগুলো যোগ করুন।
- **পোর্টফোলিও/স্যাম্পল:** আগের কাজ বা ডেমো প্রজেক্ট যুক্ত করুন।
- **অভিজ্ঞতা ও শিক্ষা:** বিশ্বাসযোগ্যতা বাড়াতে যোগ করুন।
- **ভাষা দক্ষতা:** ইংরেজি/বাংলা দক্ষতা উল্লেখ করুন।
- **পেমেন্ট গেটওয়েঃ** মার্কেটপ্লেসে প্রদত্ত অপশন থেকে প্রযোজ্য পেমেন্ট গেটওয়ে নির্বাচন করুন।




© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

## মার্কেটপ্লেসে পোর্টফোলিও তৈরি

**পোর্টফোলিও:** পোর্টফোলিও হলো ফ্রিল্যান্সারের কাজের নমুনা বা সংগ্রহ, যেখানে তার দক্ষতা ও অভিজ্ঞতার প্রমাণ তুলে ধরা হয়। এটি মূলত একটি দক্ষতার প্রদর্শনী ক্লায়েন্ট যেন সহজেই বুঝতে পারে তিনি আগে কী ধরনের কাজ করেছেন বা করতে পারেন।

উদাহরণ: একজন গ্রাফিক ডিজাইনারের পোর্টফোলিওতে থাকবে - লোগো, পোস্টার, ব্যানার ইত্যাদির নমুনা, একজন কনটেন্ট রাইটারের পোর্টফোলিওতে থাকবে - ব্লগ, আর্টিকেল বা কপিরাইটিং-এর লেখা, একজন ভিডিও এডিটরের পোর্টফোলিওতে থাকবে - ইউটিউব ভিডিও, রিলস বা বিজ্ঞাপনের এডিট করা ক্লিপ।

### পোর্টফোলিও তৈরির ধাপ

**১. ক্ষেত্র নির্ধারণ করুন**

- ✓ আপনি কোন ধরনের কাজ করবেন (যেমন: গ্রাফিক ডিজাইন, কনটেন্ট রাইটিং, ভিডিও এডিটিং) সেটা ঠিক করুন।

**২. সেরা কাজগুলো নির্বাচন করুন**

- ✓ নিজের করা ৪–৬টি সেরা কাজ বা প্র্যাকটিস প্রজেক্ট বেছে নিন।

**৩. ডেমো প্রজেক্ট তৈরি করুন**

- ✓ যদি ক্লায়েন্টের কাজ না থাকে তবে নিজে উদাহরণ হিসেবে কিছু কাজ তৈরি করুন।

**৪. কাজের বর্ণনা লিখুন**

- ✓ প্রতিটি কাজের সাথে কী করেছেন, কী টুল ব্যবহার করেছেন এবং ফলাফল কী এসেছে তা সংক্ষেপে লিখুন।

**৫. ভিজ্যুয়াল/স্ক্রিনশট যুক্ত করুন**

- ✓ ডিজাইন, ভিডিও, ডকুমেন্ট বা রিপোর্টের ছবি/লিঙ্ক যোগ করুন।


**৬। পোর্টফোলিও সাজান**

- ✓ মার্কেটপ্লেস প্রোফাইল, ব্যক্তিগত ওয়েবসাইট বা Behance/Dribbble ইত্যাদিতে আপলোড করুন।

**৭. নিয়মিত আপডেট করুন**

- ✓ নতুন কাজ হলে তা পোর্টফোলিওতে যুক্ত করুন।


© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত




## মার্কেটপ্লেসে গিগ/সার্ভিস পাবলিশ

**গিগ/সার্ভিস:** গিগ বা সার্ভিস হলো ফ্রিল্যান্স মার্কেটপ্লেসে (যেমন - Fiverr) একজন ফ্রিল্যান্সারের দেওয়া নির্দিষ্ট কাজের অফার বা প্রস্তাব। এটি মূলত ফ্রিল্যান্সারের দক্ষতা অনুযায়ী তৈরি করা একটি কাজের বিজ্ঞাপন, যেখানে ক্লায়েন্ট সহজেই বুঝতে পারে তিনি কোন ধরনের সেবা প্রদান করবেন।








© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত

**গিগ/সার্ভিস পাবলিশিং:** গিগ/সার্ভিস পাবলিশিং হলো Fiverr মার্কেটপ্লেসে প্রোফাইল সেটআপ করার পর নিজের সেবাকে প্রকাশ করার ধাপ। এর মাধ্যমে ক্লায়েন্টরা সেই সেবা দেখতে পায় এবং কাজের জন্য অর্ডার করতে পারে।

**প্রধান ধাপসমূহ**

- ✓ শিরোনাম লিখা – পরিষ্কার ও আকর্ষণীয়ভাবে সার্ভিসের নাম দিন।
- ✓ ক্যাটাগরি নির্বাচন – সঠিক ক্যাটাগরি ও সাব-ক্যাটাগরি বেছে নিন।
- ✓ বর্ণনা যোগ করা – সেবার বিস্তারিত লিখুন, কীভাবে ক্লায়েন্ট উপকৃত হবে তা উল্লেখ করুন।
- ✓ প্যাকেজ/মূল্য নির্ধারণ – Basic, Standard, Premium আকারে অফার সাজান।
- ✓ কীওয়ার্ড/ট্যাগ যুক্ত করা – সার্চে সহজে পাওয়ার জন্য প্রাসঙ্গিক কীওয়ার্ড দিন।
- ✓ ছবি/ভিডিও/পোর্টফোলিও যোগ করা – আপনার কাজের উদাহরণ দিন।
- ✓ পাবলিশ ক্লিক করা – সব কিছু ঠিকঠাক হলে "Publish" করে গিগ লাইভ করুন।




Fiverr এ গিগ পাবলিশিং সম্পর্কে বিস্তারিত জানতে স্ক্যান করুন

**এই পাঠে যা যা আলোচনা করা হয়েছে-**

১. UpWork এ একাউন্ট খুলে প্রোফাইল তৈরির করা
২. কিভাবে ইমেইল ভেরিফিকেশন করতে হয়
৩. কিভাবে প্রোফাইলে স্কিল যোগ করতে হয়
৪. কিভাবে কাজের অভিজ্ঞতা যোগ করতে হয়
৫. UpWork এ পেশাদার পোর্টফোলিও তৈরি করা
৬. কিভাবে ডেমো প্রজেক্ট যুক্ত করা যায়
৭. কিভাবে পোর্টফোলিওতে কাজের বর্ণনা লিখতে হয়
৮. প্রোফাইল ও পোর্টফোলিওর মধ্যে পার্থক্য
৯. Fiverr এ গিগ পাবলিশ করার ধাপসমূহ ধারাবাহিকভাবে বর্ণনা করা।

**(এই প্রকাশনার কোনো অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতীত পুনর্মুদ্রণ, সংরক্ষণ, অনুলিপি, বিতরণ বা কোনো মাধ্যমে প্রকাশ করা যাবে না।)**

© ২০২৬ জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। সর্বস্বত্ব সংরক্ষিত